

বিষয়ঃ- জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি

ঃ বেগম ইয়াসমিন আফসানা  
নির্বাহী পরিচালক (অর্থ)।

সভার তারিখ ও সময়

ঃ ৩১.০৭.২০১৭খ্রিঃ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা।

সভার স্থান

ঃ কনফারেন্স রুম, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।

সভার উপস্থিত সদস্যবৃন্দ

ঃ পরিশিষ্ট “ক”।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব, মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ নওয়াব আসলাম হাবীব সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের নীতি-নৈতিকতার মান উন্নয়নের জন্য উদ্বুদ্ধকরণের বিষয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি জানান, কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদানের বিষয়টি চলমান রয়েছে। সভায় সকল সদস্য কমিটির পাশাপাশি বিভাগীয় প্রধান কর্তৃক সভা করে ধর্মীয় অনুশাসনের মাধ্যমে সকলের মধ্যে মানবিক মূল্যবোধ জাগ্রত করার বিষয়ে একমত পোষণ করে।

০২। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান সরকার যে বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করছেন সে বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, বর্তমান সরকার শুদ্ধাচার এর জন্য প্রনোদনা দেয়ার অঙ্গীকার করেছেন। এ বিষয়ে তিনি সভাকে অবহিত করেন যে, বর্তমানে সকল মন্ত্রণালয় ও তার অধীনস্থ দপ্তর, সংস্থায় শুদ্ধাচার এর জন্য শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী মনোনীত করে মূলবেতনের সমপরিমান বেতন প্রণোদনা হিসেবে দেয়ার বিষয়ে সিদ্ধান্ত রয়েছে।


০৩। সভার সদস্য ও জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিএসসি'র সচিব জনাব মোহাম্মদ আবদুল আউয়াল বলেন, বিএসসি'র কর্মসম্পাদন প্রক্রিয়াতে অধিক স্বচ্ছতা ও দ্রুততার সমন্বয় ঘটিয়ে আইন ও বিধি যথাযথ প্রতিপালন করায় অধিক যত্নশীল হলে দুর্নীতি করার সুযোগ সৃষ্টি হবে না। কমিটির অন্যান্য সদস্যও এ বিষয়ে একমত পোষণ করেন।

০৪। সিদ্ধান্ত :- সার্বিক আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় -

০১) বিএসসি'র কর্মসম্পাদন প্রক্রিয়াতে অধিকতর স্বচ্ছতা আনয়নের ব্যাপারে সচেষ্ট হতে হবে ;

০২) মাসিক সভায় কর্মকর্তা-কর্মচারীদের নীতি-নৈতিকতার মান উন্নয়নের জন্য উদ্বুদ্ধকরণের বিষয়টি নিয়ে নিয়মিতভাবে আলোচনা করা এবং মন্ত্রণালয়কে তা অবহিত করা।

০৫। আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ইয়াসমিন আফসানা)  
নির্বাহী পরিচালক (অর্থ)

ও

সভাপতি

শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি

বিতরণঃ- কমিটির সকল সদস্য।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ০১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ ঃ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।
- ০২। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য), বিএসসি, চট্টগ্রাম।
- ০৩। সকল বিভাগীয় প্রধান, বিএসসি, চট্টগ্রাম/ঢাকা/খুলনা।
- ০৪। সহকারী মহাব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।